

পাল্টা স্মারকলিপি ছাত্রলীগ নেতাদের বিচার দাবিতে জাবি শিক্ষার্থীদের আপটিমেটাম

জাবি প্রতিনিধি

ছাত্রলীগ নেতাদের বিচারের দাবিতে জাবি শিক্ষার্থীরা আপটিমেটাম দিয়েছে। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে রোষবার রাতে আহাসীরনগর বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ৪২তম ব্যাচের কয়েকজন শিক্ষার্থী বারখরে শহীদ রফিক-জকর হলের শিক্ষার্থী শামীম (৪২তম ব্যাচ) আদত হওয়ার ঘটনার জেরে ধরে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কয়েক নেতাকর্মীকে বহিষ্কারের দাবিতে এ আপটিমেটাম দিয়েছে জাবির ৪২তম আকর্ডন ও সব হলের সাধারণ শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সব হলের বিভিন্ন ব্যাচের প্রায় ৫ শতাধিক শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের সামাজিকভাবে বয়কটের ঘোষণা দেয়।

তারা প্রক্টর তপন কুমার সাহার কাছে ভিনি বরাবর স্মারকলিপি প্রদানের মাধ্যমে এ আপটিমেটাম দেয়। আপটিমেটাম অনুযায়ী মঙ্গলবার রাত ১২টার মধ্যে অভিযুক্তদের ক্যাম্পাস থেকে অব্যাহিত ঘোষণা এবং পুলিশের মাতে নোপার্ন করা ন্য হলে কঠোর কর্মসূচি নেয়া হবে বলে ঘোষণা দেন তারা।

অভিযুক্ত ছাত্রলীগ নেতাকর্মীরা হলেন জাবি শাখা ছাত্রলীগের সংস্কৃতিবিষয়ক সম্পাদক আবদুল কাইয়ুম বিপুল (ইংরেজি, ৩৮তম আকর্ডন), ছাত্রলীগ নেতা আমির (ব্রহ্মান, ৩৯তম), শামীম (ইতিহাস, ৩৯তম) এবং ৪২তম আকর্ডনের ছাত্রলীগ কর্মী সজল, সৌমিক, ইসতিয়াক, আনিস, মনোজিৎ, ধীপ, ফহিম ও মারুফ।

অভিযুক্ত সবাই বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক শিক্ষার্থী।